



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

অটোমোটিভ মেকানিক্স

লেভেল - ০৩

মডিউল শিরোনামঃ বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স সিস্টেম
সার্ভিসিং করণ

Module: Servicing Body Electrical and Electronics System

মডিউল কোড: CBLM-OU-LE-AM-03-L3-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nstda.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটার বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

‘বাডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স সিস্টেম সার্ভিসিং করণ’ সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ অকুপেশনের কম্পিউটার স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করতে পারবে, লাইটেনিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করতে পারবে, এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করতে পারবে, ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করতে পারবে, বডি ওয়ারিং মেরামত করতে পারবে, ওয়াইপার সিস্টেম মেরামত করতে পারবে, হর্ণ সার্ভিসিং করতে পারবে, ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে, ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করতে পারবে, পাওয়ার উইনডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে, সাল্পিমেন্টাল রিস্ট্রাইন্ট সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবেন। একজন দক্ষ কারিগরের জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	v
মডিউল কন্টেন্ট.....	১
শিখনফল (Learning Outcome) ১: বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় ককরা	৪
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা।	৫
সেলফ চেক (Self-Check)- ১: বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা.....	১১
উত্তরপত্র (Answer Key)-১: বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা	১২
এক্টিভিটি শীট ১.১: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা	১৪
এক্টিভিটি শীট ১.২: গাড়ীর বডি বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সনাক্ত করা	১৫
জব শীট ১.৩: ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা.....	১৬
স্পেসিফিকেশন শীট ১.৩: ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা.....	১৭
শিখনফল (Learning Outcome)- ২: লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা	১৮
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা.....	১৯
২. ইনফরমেশন শীট ২ : লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা.....	১৯
ইনফরমেশন শীট (Information Sheet) ২: লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা	২০
সেলফ চেক (Self-Check)- ২: লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা	২৪
উত্তরপত্র (Answer Key)-২: লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা.....	২৫
জব শীট ২.১: বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট সার্ভিসিং করা	২৬
স্পেসিফিকেশন শীট ২.১: বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট সার্ভিসিং করা	২৭
জব শীট ২.২: হেডলাইট ফোকাস বিম চেক করা, এলাইন এবং এডজাস্ট করা	২৮
স্পেসিফিকেশন শীট ২.২: হেডলাইট ফোকাস বিম চেক করা, এলাইন এবং এডজাস্ট করা	২৯
জব শীট ২.৩: লাক্স চেক করে প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা.....	৩০
স্পেসিফিকেশন শীট ২.৩: লাক্স চেক করে প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা.....	৩১
জব শীট ২.৪: সুইচ চেক করে প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করা	৩২
স্পেসিফিকেশন শীট ২.৪: সুইচ চেক করে প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করা	৩৩
জব শীট ২.৫: সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করা.....	৩৪
স্পেসিফিকেশন শীট ২.৫: সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করা.....	৩৫
শিখনফল (Learning Outcome)- ৩ : এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করতে পারবে	৩৬
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করা.....	৩৮
ইনফরমেশন শীট (Information Sheet) ৩: এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করা	৩৯
সেলফ চেক (Self-Check)- ৩: এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করা	৪৩
উত্তরপত্র (Answer Key)-৩: এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করা.....	৪৪
জব শীট ৩.১: গাড়ির বডি কন্ট্রোল সার্কিটের ত্রুটি নির্ণয় করা	৪৫
স্পেসিফিকেশন শীট ৩.১: গাড়ির বডি কন্ট্রোল সার্কিটের ত্রুটি নির্ণয় করা	৪৬
জব শীট ৩.২: গাড়ির বডি কন্ট্রোল সার্কিট থেকে কম্পোনেন্ট সরিয়ে নেয়া.....	৪৭

স্পেসিফিকেশন শীট ৩.২: গাড়ির বডি কন্ট্রোল সার্কিট থেকে কম্পোনেন্ট সরিয়ে নেয়া	৪৮
জব শীট ৩.৩: কম্পোনেন্ট এর অবস্থা নির্ধারণের জন্য পরীক্ষা করা.....	৪৯
স্পেসিফিকেশন শীট ৩.৩: কম্পোনেন্ট এর অবস্থা নির্ধারণের জন্য পরীক্ষা করা.....	৫০
জব শীট ৩.৪: গাড়ির অ্যালার্ম সিস্টেম মেরামত/রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা.....	৫১
স্পেসিফিকেশন শীট ৩.৪: গাড়ির অ্যালার্ম সিস্টেম মেরামত/রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা.....	৫২
জব শীট ৩.৫: যানবাহনের সেফটি ও সিকিউরিটি ব্যবস্থার কম্পোনেন্টগুলির সার্ভিসিং বা প্রতিস্থাপন করা	৫৩
স্পেসিফিকেশন শীট ৩.৫: যানবাহনের সেফটি ও সিকিউরিটি ব্যবস্থার কম্পোনেন্টগুলির সার্ভিসিং বা প্রতিস্থাপন করা	৫৪
জব শীট ৩.৬: স্বাভাবিক বডি কন্ট্রোল/লকিং অপারেশনের জন্য সার্ভিসিংএর পর গাড়ির সার্ভিস টেস্ট সম্পাদন করা ..	৫৫
স্পেসিফিকেশন শীট ৩.৫: স্বাভাবিক বডি কন্ট্রোল/লকিং অপারেশনের জন্য সার্ভিসিংএর পর গাড়ির সার্ভিস টেস্ট সম্পাদন করা	৫৬
শিখনফল (Learning Outcome)- ৪: ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করা	৫৭
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪ : ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করা	৫৮
২. ইনফরমেশন শীট ৪ : ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করতে পারা	৫৮
ইনফরমেশন শীট (Information Sheet) ৪: ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করা.....	৫৯
সেলফ চেক (Self-Check)- ৪: ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করা	৬০
উত্তরপত্র (Answer Key)-৪: ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করা	৬১
জব শীট ৪.১: গাড়ির ওয়ার এন্ড হার্নেস এর ত্রুটি নির্ণয়ের জন্য পরীক্ষা করা	৬২
স্পেসিফিকেশন শীট ৪.১: গাড়ির ওয়ার এন্ড হার্নেস এর ত্রুটি নির্ণয়ের জন্য পরীক্ষা করা.....	৬৩
জব শীট ৪.২: যানবাহনের বৈদ্যুতিক/ইলেক্ট্রনিক সার্কিট এর কম্পোনেন্টগুলোর ত্রুটি নির্ণয় করতে পরীক্ষা করা	৬৪
স্পেসিফিকেশন শীট ৪.২: যানবাহনের বৈদ্যুতিক/ইলেক্ট্রনিক সার্কিট এর কম্পোনেন্টগুলোর ত্রুটি নির্ণয় করতে পরীক্ষা করা	৬৫
জব শীট ৪.৩: ডায়াগনস্টিক কৌশল প্রয়োগ করে গাড়ির বৈদ্যুতিক/ইলেকট্রনিক সার্কিটএর ফিজিক্যাল ক্ষতি নির্ণয় করা	৬৬
স্পেসিফিকেশন শীট ৪.৩: ডায়াগনস্টিক কৌশল প্রয়োগ করে গাড়ির বৈদ্যুতিক/ইলেকট্রনিক সার্কিটএর ফিজিক্যাল ক্ষতি নির্ণয় করা.....	৬৭
জব শীট ৪.৪: সঠিকভাবে কাজ করার জন্য আর্থিং পরীক্ষা করা.....	৬৮
স্পেসিফিকেশন শীট ৪.৪: সঠিকভাবে কাজ করার জন্য আর্থিং পরীক্ষা করা.....	৬৯
শিখনফল (Learning Outcome)- ৫ : বডি ওয়ারিং মেরামত করতে পারবে.....	৭০
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৫ : বডি ওয়ারিং মেরামত করা	৭২
ইনফরমেশন শীট ৫ : বডি ওয়ারিং মেরামত করা	৭২
ইনফরমেশন শীট (Information Sheet) : ৫ বডি ওয়ারিং মেরামত করা.....	৭৩
সেলফ চেক (Self-Check)- ৫: বডি ওয়ারিং মেরামত করা	৭৫
উত্তরপত্র (Answer Key)-৫: বডি ওয়ারিং মেরামত করতে পারা	৭৬
এক্টিভিটি শীট ৫.১: সার্কিট কম্পোনেন্ট সঠিকভাবে সনাক্ত করা	৭৭
জব শীট ৫.২: গাড়ির বডি ওয়ারিং এর ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল সার্ভিস ও মেরামত করা এবং সঠিক জায়গায় ফিক্স করা	৭৮
স্পেসিফিকেশন শীট ৫.২: গাড়ির বডি ওয়ারিং এর ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল সার্ভিস ও মেরামত করা এবং সঠিক জায়গায় ফিক্স করা	৭৯
জব শীট ৫.৩: গাড়ির বডি ওয়ারিং সার্কিটে কম্পোনেন্ট কানেক্ট করা.....	৮০
স্পেসিফিকেশন শীট ৫.৩: গাড়ির বডি ওয়ারিং সার্কিটে কম্পোনেন্ট কানেক্ট করা.....	৮১
জব শীট ৫.৪: সার্কিটের স্বাভাবিক অপারেশন যাচাই করার জন্য সার্ভিসিং এর পর যানবাহনের বৈদ্যুতিক পরীক্ষা সম্পন্ন করা	৮২

স্পেসিফিকেশন শীট ৫.৪: সার্কিটের স্বাভাবিক অপারেশন যাচাই করার জন্য সার্ভিসিং এর পর যা নবাহনের বৈদ্যুতিক পরীক্ষা সম্পন্ন করা	৮৩
শিখনফল (Learning Outcome)- ৬: ওয়াইপার সিস্টেম মেরামত করতে পারবে.....	৮৪
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৬ : ওয়াইপার সিস্টেম মেরামত করা	৮৫
ইনফরমেশন শীট (Information Sheet) ৬: ওয়াইপার সিস্টেম মেরামত করতে পারা।	৮৬
সেলফ চেক (Self-Check)- ৬: ওয়াইপার সিস্টেম মেরামত করা	৮৮
উত্তরপত্র (Answer Key)- ৬: ওয়াইপার সিস্টেম মেরামত করা	৮৯
জব শীট ৬.১: গাড়ির ওয়াইপার সিস্টেমে ফিজিক্যাল/যান্ত্রিক ত্রুটি নির্ণয় করা	৯০
স্পেসিফিকেশন শীট ৬.১: গাড়ির ওয়াইপার সিস্টেমে ফিজিক্যাল/যান্ত্রিক ত্রুটি নির্ণয় করা.....	৯১
জব শীট ৬.২: সার্ভিস ম্যানুয়াল অনুসারে গাড়ির ওয়াইপার সার্কিটের ত্রুটি নির্ণয় করা	৯২
স্পেসিফিকেশন শীট ৬.২: সার্ভিস ম্যানুয়ালে অনুসারে গাড়ির ওয়াইপার সার্কিটের ত্রুটি নির্ণয় করা	৯৩
জব শীট ৬.৪: ওয়াইপার মোটর সার্ভিস করুন এবং ওয়াইপার সিস্টেমে যান্ত্রিক ও বৈদ্যুতিক কম্পোনেন্ট সংযুক্ত করা .	৯৪
স্পেসিফিকেশন শীট ৬.৩: ওয়াইপার মোটর সার্ভিস করুন এবং ওয়াইপার সিস্টেমে যান্ত্রিক ও বৈদ্যুতিক কম্পোনেন্ট সংযুক্ত করা.....	৯৫
জব শীট ৬.৪: ওয়াইপার সিস্টেমের সার্ভিসিং করার পর পরীক্ষা করা	৯৬
স্পেসিফিকেশন শীট ৬.৪: ওয়াইপার সিস্টেমের সার্ভিসিং করার পর পরীক্ষা করা	৯৭
শিখনফল (Learning Outcome)-৭: হর্ণ সার্ভিসিং করতে পারবে.....	৯৮
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৭: হর্ণ সার্ভিসিং করা	৯৯
ইনফরমেশন শীট (Information Sheet) ৭: হর্ণ সার্ভিসিং করা.....	১০০
সেলফ চেক (Self-Check)- ৭: হর্ণ সার্ভিসিং করা.....	১০২
উত্তরপত্র (Answer Key)-৭: হর্ণ সার্ভিসিং করা	১০৩
জব শীট ৭.১: গাড়ির হর্ণ সার্কিটের ত্রুটি নির্ণয় করা.....	১০৪
স্পেসিফিকেশন শীট ৭.১: গাড়ির হর্ণ সার্কিটের ত্রুটি নির্ণয় করা.....	১০৫
জব শীট ৭.২: গাড়ির হর্ণ সিস্টেম মেরামত/রক্ষণাবেক্ষণ করা	১০৬
স্পেসিফিকেশন শীট ৭.২: গাড়ির হর্ণ সিস্টেম মেরামত/রক্ষণাবেক্ষণ করা.....	১০৭
জব শীট ৭.৩: হর্ণ সার্কিটের সাথে সম্পর্কিত কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল সঠিক জায়গায় সংযুক্ত করা.....	১০৮
স্পেসিফিকেশন শীট ৭.৩: হর্ণ সার্কিটের সাথে সম্পর্কিত কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল সঠিক জায়গায় সংযুক্ত করা	১০৯
জব শীট ৭.৪: হর্ণ অপারেশনের স্বাভাবিকতা যাচাই করার জন্য সার্ভিসের পর পরীক্ষা করা.....	১১০
স্পেসিফিকেশন শীট জব শীট ৭.৪: হর্ণ অপারেশনের স্বাভাবিকতা যাচাই করার জন্য সার্ভিসের পর পরীক্ষা করা.....	১১১
শিখনফল (Learning Outcome)- ৮: ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে.....	১১২
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) - ৮ : ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করা.....	১১৩
ইনফরমেশন শীট (Information Sheet) ৮: ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করা	১১৪
সেলফ চেক (Self-Check)- ৮: ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করা	১১৫
উত্তরপত্র (Answer Key)- ৮ : ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করা	১১৬
জব শীট ৮.১: ইগনিশন সুইচ পরীক্ষা করুন ও ত্রুটি চিহ্নিত করা	১১৭
স্পেসিফিকেশন শীট ৮.১: ইগনিশন সুইচ পরীক্ষা করুন ও ত্রুটি চিহ্নিত করা.....	১১৮
জব শীট ৮.২: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ইগনিশন সুইচের বৈদ্যুতিক/যান্ত্রিক কম্পোনেন্ট সার্ভিস সম্পাদন করা এবং সঠিক জায়গায় ইগনিশন সুইচ এসেম্বলি করা	১১৯
স্পেসিফিকেশন শীট ৮.২: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ইগনিশন সুইচের বৈদ্যুতিক/যান্ত্রিক কম্পোনেন্ট সার্ভিস সম্পাদন করা এবং সঠিক জায়গায় ইগনিশন সুইচ এসেম্বলি করা.....	১২০
জব শীট ৮.৩: স্বাভাবিক কার্যকারিতা যাচাইএর জন্য সার্ভিসিং বা মেরামতের পর ইগনিশন সুইচ পরীক্ষা করা.....	১২১

স্পেসিফিকেশন শীট ৮.৩: ইগনিশন সুইচ এর স্বাভাবিক কার্যকারিতা যাচাইএর জন্য সার্ভিসিং বা মেরামতের পর পরীক্ষা করা	১২২
শিখনফল (Learning Outcome)- ৯: ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করতে পারবে	১২৩
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৯: ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করা.....	১২৪
ইনফরমেশন শীট (Information Sheet) ৯: ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করা.....	১২৫
সেলফ চেক (Self-Check)- ৯: ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করা.....	১২৭
উত্তরপত্র (Answer Key)- ৯ : ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করা	১২৮
জব শীট ৯.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ইমোবিলাইজার সিস্টেম পরীক্ষা করে ত্রুটি চিহ্নিত করা	১২৯
স্পেসিফিকেশন শীট ৯.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ইমোবিলাইজার সিস্টেম পরীক্ষা করে ত্রুটি চিহ্নিত করা ..	১৩০
জব শীট ৯.২: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ইমোবিলাইজার সিস্টেম সার্ভিস করা এবং রিমোট কন্ট্রোল ব্যাটারি প্রতিস্থাপন করা.....	১৩১
স্পেসিফিকেশন শীট ৯.২: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ইমোবিলাইজার সিস্টেম সার্ভিস করুন এবং রিমোট কন্ট্রোল ব্যাটারি প্রতিস্থাপন করা	১৩২
জব শীট ৯.৩: রিমোট সার্ভিসিং এর পর স্বাভাবিক অপারেশনের জন্য কার্যকারিতা পরীক্ষা করা	১৩৩
স্পেসিফিকেশন শীট ৯.৩: রিমোট সার্ভিসিং এর পর স্বাভাবিক অপারেশনের জন্য কার্যকারিতা পরীক্ষা করা	১৩৪
শিখনফল (Learning Outcome) ১০: পাওয়ার উইন্ডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে	১৩৫
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১০: পাওয়ার উইন্ডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করা	১৩৭
ইনফরমেশন শীট (Information Sheet) ১০: পাওয়ার উইন্ডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করা	১৩৮
সেলফ চেক (Self-Check)- ১০: পাওয়ার উইন্ডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করা	১৪০
উত্তরপত্র (Answer Key)-১০: পাওয়ার উইন্ডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করা.....	১৪১
জব শীট ১০.১: পাওয়ার উইন্ডোজ সার্কিটের ত্রুটি নির্ণয় করা	১৪২
স্পেসিফিকেশন শীট ১০.১: পাওয়ার উইন্ডোজ সার্কিটের ত্রুটি নির্ণয় করা.....	১৪৩
জব শীট ১০.২: পাওয়ার উইন্ডোজ সিস্টেমের কম্পোনেন্ট পরীক্ষা করে ত্রুটি নির্ণয় করা	১৪৪
স্পেসিফিকেশন শীট ১০.২: পাওয়ার উইন্ডোজ সিস্টেমের কম্পোনেন্ট পরীক্ষা করে ত্রুটি নির্ণয় করা	১৪৫
জব শীট ১০.৩: নির্ধারিত কৌশল প্রয়োগ করে যানবাহনের পাওয়ার উইন্ডো সিস্টেমের যান্ত্রিক/ফিজিক্যাল মেরামত/রক্ষণাবেক্ষণ করা	১৪৬
জব শীট ১০.৪: নির্ধারিত কৌশল প্রয়োগ করে গাড়ির পাওয়ার উইন্ডোজ সার্কিট মেরামত করা	১৪৮
স্পেসিফিকেশন শীট ১০.৪: নির্ধারিত কৌশল প্রয়োগ করে গাড়ির পাওয়ার উইন্ডোজ সার্কিট মেরামত করা.....	১৪৯
জব শীট ১০.৫: পাওয়ার উইন্ডোজ মোটর সার্ভিস করা ও সিস্টেমের সাথে সম্পর্কিত যান্ত্রিক/বৈদ্যুতিক কম্পোনেন্ট সঠিক জায়গায় সংযুক্ত করা	১৫০
স্পেসিফিকেশন শীট ১০.৫: পাওয়ার উইন্ডোজ মোটর সার্ভিস করুন ও সিস্টেমের সাথে সম্পর্কিত যান্ত্রিক/বৈদ্যুতিক কম্পোনেন্ট সঠিক জায়গায় সংযুক্ত করা.....	১৫১
জব শীট ১০.৬: পাওয়ার উইন্ডোজ সিস্টেম কার্যকারিতা যাচাইকরার জন্য সার্ভিসিং এর পর পরীক্ষা করা.....	১৫২
স্পেসিফিকেশন শীট ১০.৬: পাওয়ার উইন্ডোজ সিস্টেম কার্যকারিতা যাচাইকরার জন্য সার্ভিসিং এর পর পরীক্ষা করা.....	১৫৩
শিখনফল (Learning Outcome)- ১১ : সাল্লিমেন্টাল রিস্ট্রাইন্ট সিস্টেম রিপ্লেস করতে পারবে	১৫৪
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১১ : সাল্লিমেন্টাল রিস্ট্রাইন্ট সিস্টেম রিপ্লেস করা	১৫৬
ইনফরমেশন শীট (Information Sheet) ১১: সাল্লিমেন্টাল রিস্ট্রাইন্ট সিস্টেম রিপ্লেস করা.....	১৫৭
সেলফ চেক (Self-Check)- ১১: সাল্লিমেন্টাল রিস্ট্রাইন্ট সিস্টেম রিপ্লেস করা	১৬০
উত্তরপত্র (Answer Key)-১১: সাল্লিমেন্টাল রিস্ট্রাইন্ট সিস্টেম রিপ্লেস করতে পারা	১৬১
জব শীট ১১.১: SRS ত্রুটি নির্ণয় করা	১৬২
স্পেসিফিকেশন শীট ১১.১: SRS ত্রুটি নির্ণয় করা	১৬৩

জব শীট ১১.২: গাড়ির এসআরএস সার্কিটের কম্পোনেন্টগুলো (যেমন এয়ার ব্যাগ, সেন্সর, কন্ট্রোল ইউনিট) সঠিকভাবে সনাক্ত করা এবং এর অবস্থা নির্ধারণের জন্য কম্পোনেন্ট পরীক্ষা করা.....	১৬৪
স্পেসিফিকেশন শীট ১১.২: গাড়ির এসআরএস সার্কিটের কম্পোনেন্টগুলো (যেমন এয়ার ব্যাগ, সেন্সর, কন্ট্রোল ইউনিট) সঠিকভাবে সনাক্ত করুন এবং এর অবস্থা নির্ধারণের জন্য কম্পোনেন্ট পরীক্ষা করা.....	১৬৫
জব শীট ১১.৩: নির্ধারিত কৌশল প্রয়োগ করে ত্রুটিযুক্ত এসআরএস রিপ্লেস করা.....	১৬৬
স্পেসিফিকেশন শীট ১১.৩: নির্ধারিত কৌশল প্রয়োগ করে ত্রুটিযুক্ত এসআরএস রিপ্লেস করা.....	১৬৭
দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....	১৬৮

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স সিস্টেম সার্ভিসিং করা (Service Body Electrical and Electronics System)
ইউ ও সি কোড	OU-LE-AM-03-L3-V1
মডিউল শিরোনাম	বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্সসিস্টেম সার্ভিসিং করণ
মডিউলের বর্ণনা	<p>এই মডিউল-এ বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্সসিস্টেম সার্ভিসিং করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কিত কাজগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে।</p> <p>এতে বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্সকম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা, লাইটেনিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা, এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করা, ইলেক্ট্রিক্যাল এবংইলেক্ট্রনিক্সত্রুটি নির্ণয় করা, বডি ওয়ারিং মেরামত করা, ওয়াইপার সিস্টেম মেরামত করা, হর্ণ সার্ভিসিং করা, ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করা, ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করা, পাওয়ার উইনডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করা এবং সাল্পিমেন্টাল রিস্ট্রেইন্ট সিস্টেম রক্ষণাবেক্ষণ করার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।</p>
নমিনাল সময়	৮০ ঘন্টা
শিখনফল	<p>মডিউলটির অনুশীলন শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত কাজগুলো করতে সমর্থ হবে</p> <ol style="list-style-type: none"> ১. বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করতে পারবে ২. লাইটেনিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করতে পারবে ৩. এলার্ম এবং সিকিউরিটি সিস্টেম সার্ভিসিং করতে পারবে ৪. ইলেক্ট্রিক্যাল এবংইলেক্ট্রনিক্স ত্রুটি নির্ণয় করতে পারবে ৫. বডি ওয়ারিং মেরামত করতে পারবে ৬. ওয়াইপার সিস্টেম মেরামত করতে পারবে ৭. হর্ণ সার্ভিসিং করতে পারবে ৮. ইগনিশন সুইচ সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে ৯. ইমোবিলাইজার সিস্টেম সার্ভিসিং করতে পারবে ১০. পাওয়ার উইনডোস সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে ১১. সাল্পিমেন্টাল রিস্ট্রেইন্ট সিস্টেম রক্ষণাবেক্ষণ করতে পারবে

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া (Assessment Criteria)

১. টুলস ও ইকুইপমেন্ট নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে।
২. উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে।
৩. গাড়ীর বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সনাক্ত করা হয়েছে।
৪. যানবাহন ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা হয়েছে।
৫. বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট প্রয়োজন হিসাবে সার্ভিসিং করা হয়েছে।
৬. প্রয়োজন অনুসারে হেডলাইট ফোকাস বিম চেক করা, এলাইন করা এবং এডজাস্ট করা হয়েছে।

৭. লাক্স চেক করা হয়েছে এবং প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা হয়েছে।
৮. সুইচ চেক করা এবং প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করা হয়েছে।
৯. সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করা হয়েছে।
১০. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে অ্যাডভান্স ড্রাইভ অ্যাসিস্ট্যান্ট সিস্টেম (ADAS) এর ত্রুটিগুলি নির্ণয় করা হয়েছে।
১১. SOP অনুযায়ী ADAS কম্পোনেন্ট সার্ভিসিং বা প্রতিস্থাপন করা হয়েছে।
১২. অটোমোটিভ ওয়ার্কশপ SOP অনুসরণ করে গাড়ির বডি কন্ট্রোল সার্কিটের ত্রুটি নির্ণয় করা হয়েছে।
১৩. গাড়ির বডি কন্ট্রোল সার্কিট থেকে কম্পোনেন্ট সরান।
১৪. কম্পোনেন্ট এর অবস্থা নির্ধারণের জন্য পরীক্ষা করা হয়েছে।
১৫. এসওপি অনুযায়ী গাড়ির অ্যালার্ম সিস্টেম মেরামত/রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা হয়েছে।
১৬. SOP অনুযায়ী যানবাহনের সেফটি ও সিকিউরিটি ব্যবস্থার কম্পোনেন্টগুলির সার্ভিসিং বা প্রতিস্থাপন করা হয়েছে।
১৭. স্ক্রিম্যাটিক্স অনুযায়ী গাড়ির বডি কন্ট্রোল/লকিং সার্কিটে কম্পোনেন্ট সংযুক্ত করা হয়েছে।
১৮. স্বাভাবিক বডি কন্ট্রোল/লকিং অপারেশনের জন্য সার্ভিসিং এর পর গাড়ির সার্ভিস টেস্ট সম্পাদন করা হয়েছে।
১৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে অ্যাডভান্স ড্রাইভ অ্যাসিস্ট্যান্ট সিস্টেম (ADAS) এর ত্রুটিগুলি নির্ণয় করা হয়েছে।
২০. SOP অনুযায়ী গাড়ির ওয়ারস/হার্নেস এর ত্রুটি নির্ণয়ের জন্য পরীক্ষা সম্পর্কে জানবে।
২১. নির্ধারিত পদ্ধতি অনুযায়ী যানবাহনের বৈদ্যুতিক/ইলেক্ট্রনিক সার্কিট এর কম্পোনেন্টগুলোর ত্রুটিপূর্ণ নির্ণয় করতে পরীক্ষা সম্পর্কে জানবে।
২২. নির্ধারিত ডায়াগনস্টিক কৌশল, প্রয়োগ করে গাড়ির বৈদ্যুতিক/ইলেকট্রনিক সার্কিট এর ফিজিক্যাল ক্ষতি নির্ণয় সম্পর্কে জানবে।
২৩. SOP অনুযায়ী সঠিকভাবে কাজ করার জন্য আর্থিং পরীক্ষা সম্পর্কে জানবে।
২৪. স্বাভাবিক কাজের জন্য আর্থ সংযোগ বজায় রাখা হয়েছে।
২৫. বডি ওয়ারিং সার্কিট কম্পোনেন্ট সঠিকভাবে সনাক্ত করা হয়েছে।
২৬. SOP অনুযায়ী গাড়ির বডির ওয়ারিং ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট/ ওয়্যার /ক্যাবল/টার্মিনাল সার্ভিস ও মেরামত করা হয়েছে।
২৭. সঠিক জায়গায় বডি ওয়ারিং সার্কিটের সাথে সম্পর্কিত কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল ফিক্স করা হয়েছে।
২৮. স্ক্রিম্যাটিক্স অনুযায়ী গাড়ির বডি ওয়ারিং সার্কিটে কম্পোনেন্ট কানেক্ট করা হয়েছে।
২৯. স্বাভাবিক সার্কিট অপারেশনের জন্য সার্ভিসিং এর পর যানবাহনের বৈদ্যুতিক পরীক্ষার সম্পন্ন করা হয়েছে।
৩০. স্বাভাবিক ফিজিক্যাল/বৈদ্যুতিক সংযোগের জন্য সংযোগের তারের টার্মিনাল পরীক্ষা করা হয়েছে।
৩১. গাড়ির ওয়াইপার সিস্টেমে ফিজিক্যাল/যান্ত্রিক ত্রুটি নির্ণয় করা হয়েছে।
৩২. সার্ভিস ম্যানুয়ালে সুপারিশ অনুসারে গাড়ির ওয়াইপার সার্কিটের ত্রুটি নির্ণয় করা হয়েছে।
৩৩. নির্ধারিত কৌশল প্রয়োগ করে ওয়াইপার মোটর সার্ভিস করা এবং ওয়াইপার সিস্টেমে যান্ত্রিক ও বৈদ্যুতিক কম্পোনেন্ট সংযুক্ত করা হয়েছে।
৩৪. ওয়াইপার এর স্বাভাবিক কার্যকারিতা যাচাই করার জন্য ওয়াইপার সিস্টেমের সার্ভিস করার পর পরীক্ষা করা হয়েছে।
৩৫. এসওপি অনুসারে গাড়ির হর্ন সার্কিটের ত্রুটি নির্ণয় করা হয়েছে।
৩৬. গাড়ির হর্ন সার্কিট থেকে কম্পোনেন্ট সরানো হয়েছে।
৩৭. কম্পোনেন্ট এর অবস্থা নির্ধারণের জন্য কম্পোনেন্ট পরীক্ষা করা হয়েছে।
৩৮. এসওপি অনুযায়ী গাড়ির হর্ন সিস্টেম মেরামত/রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
৩৯. এসওপি অনুযায়ী গাড়ির হর্ন সার্কিট মেরামত করা হয়েছে।

৪০. হর্ন সার্কিটের সাথে সম্পর্কিত কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল সঠিক জায়গায় সংযুক্ত করা হয়েছে।
৪১. স্ক্রিম্যাটিক্স অনুযায়ী গাড়ির হর্ন সার্কিটে কম্পোনেন্ট সংযোগ করা হয়েছে।
৪২. হর্ন অপারেশনের স্বাভাবিকতা যাচাইকরার জন্য যানবাহনের সার্ভিসের পর পরীক্ষার করা হয়েছে।
৪৩. সঠিক ফাংশনের জন্য ইগনিশন সুইচ পরীক্ষা করা হয়েছে।
৪৪. স্টিয়ারিং থেকে ইগনিশন সুইচ করা হয়েছে।
৪৫. ইগনিশন সুইচের বৈদ্যুতিক/যান্ত্রিক সার্ভিস সম্পাদন করা হয়েছে।
৪৬. সঠিক জায়গায় ইগনিশন সুইচ এসেম্বলি সংযোগ করা হয়েছে।
৪৭. স্বাভাবিক কার্যকারিতা যাচাইএর জন্য সার্ভিসিং বা মেরামতের পর ইগনিশন সুইচ পরীক্ষা করা হয়েছে।
৪৮. এসওপি অনুসারে সঠিক কর্মক্ষমতার জন্য ইমোবিলাইজার সিস্টেম পরীক্ষা করা হয়েছে।
৪৯. এসওপি অনুসারে ইমোবিলাইজার সিস্টেম সার্ভিস করা হয়েছে।
৫০. এসওপি অনুসারে রিমোট কন্ট্রোল ব্যাটারি প্রতিস্থাপন করা হয়েছে।
৫১. সার্ভিসিং এর পর অটোমোটিভ ওয়ার্কশপ এর এসওপি অনুসারে স্বাভাবিক হর্ন অপারেশনের জন্য রিমোট পরীক্ষা সম্পাদন করা হয়েছে।
৫২. গাড়ির পাওয়ার উইন্ডোজ সার্কিটের ত্রুটি নির্ণয় করা হয়েছে।
৫৩. গাড়ির পাওয়ার উইন্ডোজ সিস্টেম থেকে কম্পোনেন্ট সরানো হয়েছে।
৫৪. পাওয়ার উইন্ডোজ সিস্টেমের কম্পোনেন্ট পরীক্ষা করা হয়েছে।
৫৫. নির্ধারিত কৌশল প্রয়োগ করে যানবাহনের পাওয়ার উইন্ডো সিস্টেমের যান্ত্রিক/ফিজিক্যাল মেরামত/রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
৫৬. নির্ধারিত কৌশল প্রয়োগ করে গাড়ির পাওয়ার উইন্ডোজ সার্কিট মেরামত করা হয়েছে।
৫৭. পাওয়ার উইন্ডোজ মোটর নির্ধারিত কৌশল প্রয়োগ করে সার্ভিস করা হয়েছে।
৫৮. পাওয়ার উইন্ডোজ সিস্টেমের সাথে সম্পর্কিত যান্ত্রিক/বৈদ্যুতিক কম্পোনেন্ট সঠিক জায়গায় সংযুক্ত করা হয়েছে।
৫৯. স্ক্রিম্যাটিক্স অনুযায়ী গাড়ির পাওয়ার উইন্ডোজ সার্কিটে কম্পোনেন্ট সংযোগ করা হয়েছে।
৬০. পাওয়ার উইন্ডোজ সিস্টেম কার্যকারিতা যাচাইকরার জন্য গাড়ির সার্ভিসিং এর পর পরীক্ষার সম্পাদন করা হয়েছে।
৬১. SRS ত্রুটি নির্ণয় করা হয়েছে।
৬২. গাড়ির SRS সার্কিটের কম্পোনেন্টগুলো (যেমন এয়ার বেগ, সেন্সর, কন্ট্রোল ইউনিট) সঠিকভাবে সনাক্ত করা হয়েছে।
৬৩. গাড়ির SRS সার্কিট থেকে কম্পোনেন্ট সরানো হয়েছে।
৬৪. কম্পোনেন্ট এর অবস্থা নির্ধারণের জন্য কম্পোনেন্ট পরীক্ষা করা হয়েছে।
৬৫. নির্ধারিত কৌশল প্রয়োগ করে যানবাহনের SRS যান্ত্রিক / ফিজিক্যাল মেরামত/রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
৬৬. সঠিক জায়গায় আলোর সার্কিটের সাথে সম্পর্কিত। কম্পোনেন্ট/ওয়্যার/ক্যাবল/টার্মিনাল সংযুক্ত করা হয়েছে।
৬৭. স্ক্রিম্যাটিক্স অনুযায়ী গাড়ির আলো সার্কিটে কম্পোনেন্ট সংযোগ করা হয়েছে।
৬৮. স্বাভাবিক আলো সার্কিট কার্যকারিতা যাচাইকরার জন্য সার্ভিসিং এর পর যানবাহনের বৈদ্যুতিক পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

**শিখনফল (Learning Outcome): বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি
নির্ণয় ককরা**

অ্যাসেসমেন্ট মানদন্ড	<ol style="list-style-type: none"> টুলস ও ইকুইপমেন্ট নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে গাড়ীর বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সনাক্ত করা হয়েছে যানবাহন ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা হয়েছে
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ সিবিএলএম হ্যান্ডআউটস ল্যাপটপ/কম্পিউটার মাল্টিমিডিয়া প্রজেক্টর কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ইন্টারনেট সুবিধা হোয়াইট বোর্ড ও মার্কার অডিও এবং ভিডিও ডিভাইস প্রয়োজনীয় পিপিই টুলস ও ইকুইপমেন্ট উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট প্রয়োজনীয় উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য ভিহিকল বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট ও উহার কাজ ভিহিকল বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট এর সম্ভাব্য ত্রুটিসমূহ লক সিস্টেম আধুনিক বিভিন্ন সেন্সরের ব্যবহার
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন গাড়ীর বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সনাক্ত করুন ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> আলোচনা (Discussion) উপস্থাপন (Presentation) প্রদর্শন (Demonstration) নির্দেশিত অনুশীলন (Guided Practice) স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) প্রজেক্ট ওয়ার্ক (Project Work) সমস্যা সমাধান (Problem Solving) মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> লিখিত অভীক্ষা (Written Test) প্রদর্শন (Demonstration) মৌখিক প্রশ্ন (Oral Questioning) পোর্টফলিও (Portfolio)

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স
কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা।**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শীট পড়তে হবে।	২. ইনফরমেশন শীট ১ : বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শীট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। ৪. উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন।	৫. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন এক্টিভিটি শীট ১.১: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা এক্টিভিটি শীট ১.২: গাড়ীর বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সনাক্ত করা জব শীট ১.৩: ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা স্পেসিফিকেশন শীট ১.৩: ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা







**ইনফরমেশন শীট (Information Sheet) ১: বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট
এর ত্রুটি নির্ণয় করা**

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

- ১.১ প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট
- ১.২ প্রয়োজনীয় উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য
- ১.৩ ভিহিকল বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট ও উহার কাজ
- ১.৪ ভিহিকল বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট এর সম্ভাব্য ত্রুটিসমূহ
- ১.৫ লক সিস্টেম
- ১.৬ আধুনিক বিভিন্ন সেন্সরের ব্যবহার

১.১ প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট


নাম ও কাজ	চিত্র
<p>ক. লিফট/সাপোর্ট স্ট্যান্ড (Lift/Support Stand): গাড়িকে উচু করিয়া চাকা বদল এবং কাজ করার জন্য ব্যবহার করা হয়, এই যন্ত্রটির মধ্যে বিশেষ সুরক্ষা ব্যবস্থা রয়েছে যাতে সেগুলিকে লোডের মধ্যে আটকে রাখা যায়।</p>	
<p>খ. বেসিক হ্যান্ড টুলস সেট (Basic hand tools set): বেসিক হ্যান্ড টুলস হল যে কোনো টুলস সেটের মধ্যে অনেকগুলি টুলস থাকে যা মোটরের পরিবর্তে হাত দ্বারা পরিচালিত হয়ে কোন কাজ সম্পূর্ণ করতে সাহায্য করে তাকেই বেসিক হ্যান্ড টুলস বলে। বেসিক হ্যান্ড টুলসের ক্যাটাগরির মধ্যে রয়েছে রেঞ্চ, প্লায়ার, কাটার, ফাইল, স্ট্রাইকিং টুলস, হ্যামার টুলস, স্ক্রু ড্রাইভার, ক্ল্যাম্প, স্লিপস, হ্যাকস, ডিলস এবং ছুরি।</p>	
<p>গ. বিশেষ পরিষেবা সরঞ্জাম(এসএসটি)(Special Service tools(SST): বিশেষ পরিষেবা টুলস, নির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য ডিজাইন করা হয়। একটি কম্পোনেন্ট ঠিক করতে ব্যবহৃত হয় যা একটি আদর্শ টুলস দ্বারা সহজে মেরামত করা যায় না। SST গুলি সাধারণত গাড়ির ডিজাইনের উপর নির্ভর করে তৈরি করা হয়। যাতে প্রয়োজনে গাড়িটিকে সঠিকভাবে মেরামত করতে পারা যায়।</p>	
<p>ঘ. হেডলাইট অ্যালাইনার (Head Light Aligner): হেডলাইট অ্যালাইনার কে বিম সেটার নামেও বলা হয়ে থাকে, একটি গাড়ির হেডলাম্প বিমের উচ্চতা এবং আলোর তীব্রতা উভয়ই পরীক্ষা করার জন্য যন্ত্রটি ব্যবহৃত হয়ে থাকে।</p>	

<p>ঙ. মাল্টিমিটার (Multi Meter): মাল্টিমিটার হচ্ছে একটি ইলেক্ট্রনিক ডিভাইস যার মাধ্যমে একাধিক বৈদ্যুতিক সার্কিটের প্রবাহিত কারেন্ট, ভোল্টেজ, রেজিস্টেন্স পরিমাপ করা হয়ে থাকে। বর্তমানে ডিজিটাল মাল্টিমিটার গুলোতে ট্রানজিস্টর, কন্ডেন্সার ইত্যাদি টেস্ট করার সুবিধা ছাড়াও সার্কিটের কোন ডিভাইসের কন্টিনিউটি টেস্ট করা যায়</p>	
<p>চ. অসিলোস্কোপ (Osilloscope): একটি অসিলোস্কোপ হল একটি পরীক্ষাগার যন্ত্র যা সাধারণত বৈদ্যুতিক সংকেতের তরঙ্গরূপ প্রদর্শন এবং বিশ্লেষণ করতে ব্যবহৃত হয়।</p>	
<p>ছ. লাক্স মিটার (Lux Meter): লাক্স মিটার হল এমন একটি ডিভাইস যা গাড়ির লাইটের আলোর উজ্জ্বলতা এবং বিভিন্ন জায়গার আলোর তীব্রতা পরিমাপ করতে ব্যবহৃত হয়।</p>	
<p>জ. মাল্টি স্ক্যানার (Multi Scanner): গাড়ির ইঞ্জিন বা ইলেকট্রনিক সিস্টেমের সমস্যা নিরীক্ষণ এবং নির্ণয়ের জন্য, একটি গাড়ি স্ক্যানার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যন্ত্র হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। এই টুলসটি ইঞ্জিনের ত্রুটি কোডগুলি পড়তে এবং পরিষ্কার করতে, ইঞ্জিন সিস্টেমকে চেক ও বিভিন্ন সমস্যা নির্ণয় করতে ব্যবহৃত হয়।</p>	
<p>ঝ. ওয়্যার রিপিয়ার কিট (Wire Repair Kit): ওয়্যার রিপিয়ার কিটগুলি গাড়ির বিভিন্ন গরম এবং ঠান্ডা সার্কিট গুলোকে মেরামত কাজের জন্য ডিজাইন করা হয়েছে। এগুলি গাড়ির ওয়্যারিং মেরামতের জন্য ব্যবহৃত হয়ে থাকে।</p>	
<p>ঞ. নোজ প্লায়ার (Nose Pliers): ইলেকট্রিক যন্ত্রাদি ও ইঞ্জিনের গভীর বা সরু স্থানে তার জোড়া বা নাট খোলার কাজে ব্যবহৃত হয়ে থাকে।</p>	

১.২ প্রয়োজনীয় উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য

নাম ও কাজ	চিত্র
-----------	-------

<p>ক. ফ্লাক্সিবল ক্যাবল (Flexible cable): ফ্লাক্সিবল ক্যাবল বা নমনীয় তার অর্থ হল এক বা একাধিক কোর সমন্বিত একটি তারের গুচ্ছ বা প্রতিটি তারের একটি গুপ, বৈদ্যুতিক তারগুলি বিশেষভাবে টাইট বা বাঁকানো চাপের সাথে মোকাবিলা করার জন্য ডিজাইন করে তৈরী করা হয় যা সহজে একটি তারের সাথে অন্য একটি তারের সংযোগ স্থাপন করা যায়।</p>	 <p>চিত্র: (ক) ফ্লাক্সিবল ক্যাবল</p>
<p>খ. ফিউজ (Fuse): ফিউজ হল একটি বৈদ্যুতিক সুরক্ষা ডিভাইস যা একটি বৈদ্যুতিক সার্কিটের ওভারকারেন্ট এর হাত থেকে সার্কিটকে সুরক্ষা প্রদান করতে কাজ করে থাকে।</p>	 <p>Good Fuse Blown Fuse</p>
<p>গ. রিলে (Relay): রিলে শব্দের অর্থ পৌছানো বা স্থানান্তর করা। রিলে একটি সাধারণ ইলেক্ট্রোমেকানিক্যাল সুইচ। যা দুটি সার্কিটকে সংযোগ বা সংযোগ বিচ্ছিন্ন করে। কিন্তু একটি ম্যানুয়াল অপারেশনের পরিবর্তে, রিলে একটি ইলেক্ট্রোম্যাগনেট নিয়ন্ত্রণ করতে একটি বৈদ্যুতিক সংকেত ব্যবহার করে, যা অন্য সার্কিটকে সংযোগ বা সংযোগ বিচ্ছিন্ন করতে পারে।</p>	
<p>ঘ. বাল্ব (Bulbs): বাল্ব বিদ্যুৎ থেকে আলো তৈরি করে। একটি অন্ধকার স্থান আলোকিত করার পাশাপাশি, এগুলি একটি ইলেকট্রনিক ডিভাইস চালু আছে কিনা দেখানোর জন্য, গাড়ির চলার পথে আলোকিত করা এবং বিভিন্ন সিগনাল লাইট হিসাবে বা অন্যান্য অনেক উদ্দেশ্যে ব্যবহার করা হয়ে থাকে।</p>	
<p>ঙ. ইন্সুলেশন টেপ (Insulation Tape): বৈদ্যুতিক টেপ হল তারের জন্য একটি নিরাপত্তা টেপ, যেটি বিদ্যুৎ পরিচালনকারী অন্যান্য উপকরণের উপর আবরণ ও আস্তরন করতে ব্যবহৃত হয়ে থাকে।</p>	
<p>চ. ওয়েস্ট কটন (Waste Cotton): যা দ্বারা ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কার করার কাজে ব্যবহৃত হয়ে থাকে।</p>	
<p>ছ. ন্যাপকিন (Napkin): ন্যাপকিন হলো টেবিল পরিষ্কার এবং বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কার এবং হাত মুখ মুছতে বা পোশাক রক্ষা করতে ব্যবহৃত হয়।</p>	

<p>জ. টিস্যু (Tissue Paper): টিস্যু পণ্যগুলি কাঠ বা পুনর্ব্যবহৃত কাগজ থেকে তৈরি নরম, পাতলা, নমনীয় এবং শোষণক কাগজ। যাহা পরিষ্কার করার কাজে ব্যবহৃত হয়ে থাকে। সেগুলিই আমরা প্রতিদিন ব্যবহার করি, যেমন টয়লেট পেপার, কাগজের তোয়ালে, ন্যাপকিন এবং মুখের টিস্যু।</p>	
--	---

১.৩ ভিত্তিক বডি বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট ও উহার কাজ

ভিত্তিক বডি বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট ও উহার কাজ	চিত্র
<p>ক. ডোর লক সিস্টেম (Door lock system): গাড়ির দরজা দৃঢ়ভাবে বন্ধ রাখার জন্য একটি দরজা বা ডয়ারে যে লক লাগানো হয় তাকে ডোর লক সিস্টেম বলে।</p>	
<p>খ. ডিফগ সিস্টেম (Defogger system): ডিফগ সিস্টেম গাড়ি সামনে ও পিছনে উইন্ডশীল্ডে জলীয় বাষ্প থাকলে তা শুকানোর জন্য কাজ করে থাকে। এটি কাচের তাপমাত্রা বাড়িয়ে বাষ্প থাকলে তা শুকানোর জন্য ব্যবহার করে থাকে।</p>	
<p>গ. পার্ক ডিসটেন্স কন্ট্রোল সিস্টেম (Park Distance Control system (PDC): পার্ক ডিসটেন্স কন্ট্রোল (PDC) আপনাকে টাইট পার্কিং পরিস্থিতিতে গাইড করতে সোনার সাউন্ড ওয়েভ এবং হাই-টেক ইলেকট্রনিক্স যন্ত্র ব্যবহার করে। পার্ক দূরত্ব নিয়ন্ত্রণ নির্দেশ করে পার্ক করতে সাহায্য করে যখন আপনি কোনো বস্তুর কাছাকাছি থাকেন, সাধারণত একটি পার্ক করা গাড়ির সাথে নতুন গাড়ি পার্ক করার সময় ব্যবহৃত হয়ে থাকে।</p>	
<p>ঘ. ক্যামেরা ম্যানেজমেন্ট (Camera management): গাড়ির বিভিন্ন কাজ নজরদারি করার জন্য ক্যামেরা ম্যানেজমেন্ট সরঞ্জামগুলির একটি শক্তিশালী ডিভাইসের সাথে একত্রিত ভাবে ক্যামেরাগুলিকে সংযোগ করে নজরদারির কাজের সিস্টেমগুলি কে সংগঠিত ও স্বয়ংক্রিয় ভাবে এবং স্থাপনে সহায়তা করে কাজ সম্পাদন করে থাকে।</p>	

<p>ঙ. ইমোবিলাইজার (Immobilizer): ইমোবিলাইজার হল একটি মোটর গাড়িতে লাগানো একটি ইলেকট্রনিক নিরাপত্তা ডিভাইস যা সঠিক চাবি উপস্থিত না থাকলে ইঞ্জিনকে চালু হতে বাধা দেয়।</p>	
<p>চ. এয়ারব্যাগ সিস্টেম (Air Bag system): এয়ার ব্যাগ অর্থ বোঝা যায় যে বাতাস ভর্তি বস্তা বা ব্যাগ। একটি গাড়ির বাইরে, অন্যান্য যানবাহনের সাথে বা গাছ পালার সাথে সংঘর্ষের সময় চালক ও যাত্রীদের আঘাত করা থেকে সু রক্ষা করে। কিন্তু এই ব্যাগ দৃশ্যমান না। এটি গাড়ির বিভিন্ন জায়গায় খুবই সংকুচিত ভাবে রাখা থাকে। যেমন স্টিয়ারিং হইলে, ড্যাশ-বোর্ডে, কিছু কিছু ক্ষেত্রে কেবিনের ভিতরে গাড়ির পাশে লাগানো থাকে। যেটা দুর্ঘটনায় ঘটলে তাৎক্ষণিক এয়ার ব্যাগ গুলো বাতাসে ফুলে ওঠে এবং সামনে চলে আসে। ফলে যাত্রী এবং চালক দুর্ঘটনায় মৃত্যু ঝুঁকি থেকে কিছুটা হলেও রক্ষা পায়।</p>	
<p>ছ. কমফোর্ট অ্যাক্সেস সিস্টেম (Comfort Access system): কমফোর্ট অ্যাক্সেস হল গাড়ির জন্য একটি চাবি বিহীন এন্ট্রি সিস্টেম। চালক যখন কাছে আসছেন তখন এটি সনাক্ত করে এবং একটি বোতামের স্পর্শে ইঞ্জিন চালু করার জন্য প্রস্তুত করার সময় স্বয়ংক্রিয়ভাবে দরজাগুলি আনলক করে চালু করতে সাহায্য করে।</p>	
<p>জ. বডি এক্সেসরিজ (Body accessories): গাড়ির বডির বিভিন্ন ধরনের ইলেকট্রনিক্স মডিউলকে অন্তর্ভুক্ত করে যা যানবাহনের মধ্যে আরাম, নিয়ন্ত্রণ, নিরাপত্তা, সংযোগ এবং আলো বাড়ায়। এই মডিউলগুলিকে গাড়ির বডির এক্সেসরিজ বলে। গাড়ির ইলেকট্রনিক সিস্টেমের চারটি প্রধান মডিউর হলো যানবাহনের পরিচালনা, নিরাপত্তা, আরাম এবং বিনোদনের জন্য গুরুত্বপূর্ণ অত্যাবশ্যক ইলেকট্রনিক উপাদান এবং সিস্টেম এই বিভাগের মধ্যে পড়ে।</p>	

১.৪ ভিত্তিক বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট এর সম্ভাব্য ত্রুটিসমূহ

ক. **সুইচ মেলোফাংশনিং (Switch malfunctioning):** নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।

- সুইচ লুচ কানেকশন,
- শর্ট সার্কিট,
- সুইচ ডিস কানেকশন হতে পারে।

খ. **ডেমেজ সেন্সর (Damaged sensor):** নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।

- সেন্সর লুচ কানেকশন হতে পারে।
 - সেন্সর শর্ট সার্কিট হতে পারে।
 - সেন্সর ডিস কানেকশন হতে পারে।
 - সেন্সর ভেঙ্গে যেতে পারে।
 - সেন্সরে ময়লা জমতে পারে।
- গ. **বার্ণ ফিউজ (Burned fuse): নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।**
- ফিউজ লুজ কানেকশন হলে।
 - লাইন শর্ট সার্কিট হলে।
 - লাইনে অতিরিক্ত পাওয়ার প্রবেশ করলে।
 - লোড বেশী দিলে।
- ঘ. **ওয়্যার বার্ন (Wire burn): নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।**
- সার্কিট কানেকশন লুজ হলে।
 - সার্কিট লাইন শর্ট সার্কিট হলে।
 - লাইনে অতিরিক্ত পাওয়ার প্রবেশ করলে।
 - সার্কিটে লোড বেশী দিলে।
- ঙ. **টার্ন আউট (Turn out connection): নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।**
- সার্কিট কানেকশন লুজ হলে।
 - সার্কিট লাইন শর্ট সার্কিট হলে।
 - লাইনে অতিরিক্ত পাওয়ার প্রবেশ করলে।
 - সার্কিটে লোড বেশী দিলে।
- চ. **ইলেকট্রিক লোজ কানেকশন (Electric Loose connection): নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।**
- ওয়ারিং পুড়ে যেতে পারে।
 - ফিউজ নষ্ট হতে পারে।
 - রিলে নষ্ট হতে পারে।
 - সুইচ নষ্ট হতে পারে।
 - হারনেস পুড়ে যেতে পারে।
 - সেন্সর নষ্ট হতে পারে।
 - ইসিউ নষ্ট হতে পারে।
 - একচুয়েটর নষ্ট হতে পারে।
- ছ. **শর্ট সার্কিট (Short circuit): নিম্নলিখিত ত্রুটি সমূহ পরিলক্ষিত হয়।**
- ওয়ারিং পুড়ে যেতে পারে।
 - ফিউজ নষ্ট হতে পারে।
 - রিলে নষ্ট হতে পারে।
 - সুইচ নষ্ট হতে পারে।
 - হারনেস পুড়ে যেতে পারে।
 - সেন্সর নষ্ট হতে পারে।
 - ইসিউ নষ্ট হতে পারে।
 - একচুয়েটর নষ্ট হতে পারে।

১.৫ লক সিস্টেম (Lock System)

লকিং সিস্টেম হল একটি বৈদ্যুতিক ডোর লকিং মেকানিজম যা চালকদের তাদের গাড়ির প্রতিটি দরজাকে একটি ডিভাইস দ্বারা লক করে সকল প্রকার চুরি ও দুর্ঘটনা থেকে সুরক্ষিত করতে সক্ষম করে।

১.৬ আধুনিক বিভিন্ন সেন্সরের ব্যবহার

ইঞ্জিন ছাড়াও, গাড়ির বর্তমান গতি, দূরত্ব ভ্রমণ এবং টায়ারের চাপের মতো গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করতে গাড়ির এয়ার-কন্ডিশনিং সিস্টেমে সেন্সর ব্যবহার করা হয়। এগুলি নিরাপত্তা ব্যবস্থায়ও ব্যবহৃত হয়, যেমন অ্যান্টি-লক ব্রেকিং সিস্টেম এবং ট্র্যাকশন কন্ট্রোল সিস্টেম। এটা স্পষ্ট যে ভবিষ্যতে গাড়িতে সেন্সর সিস্টেমের পরিসর আজকের তুলনায় আরও বিস্তৃত এবং উচ্চ-কার্যকর হবে। এটি একটি উন্নয়ন যা সমস্ত চালক উপকৃত হবে, কারণ গাড়িটি আরাম এবং নিরাপত্তা লাভ করবে।

সেলফ চেক (Self-Check)- ১: বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. হেডলাইট অ্যালাইনার কি কাজে ব্যবহৃত হয়?
উত্তরঃ
২. মাল্টিমিটার দ্বারা কি কি পরিমাপ করা যায়?
উত্তরঃ
৩. লাক্স মিটার কি পরিমাপের জন্য ব্যবহৃত হয়?
উত্তরঃ
৪. পার্ক ডিসটেন্স কন্ট্রোল সিস্টেম কি কাজ করে?
উত্তরঃ

উত্তরপত্র (Answer Key)-১: বডি ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স কম্পোনেন্ট এর ত্রুটি নির্ণয় করা

১. হেডলাইট অ্যালাইনার কি কাজে ব্যবহৃত হয়?
উত্তরঃ একটি গাড়ির হেডল্যাম্প বিমের উচ্চতা এবং আলোর তীব্রতা উভয়ই পরীক্ষা করার জন্য যন্ত্রটি ব্যবহৃত হয়ে থাকে।

২. মাল্টিমিটার দ্বারা কি কি পরিমাপ করা যায়?

উত্তর: একাধিক বৈদ্যুতিক সার্কিটের প্রবাহিত কারেন্ট, ভোল্টেজ, রেজিস্টেন্স পরিমাপ করা হয়ে থাকে।

৩. লাক্স মিটার কি পরিমাপের জন্য ব্যবহৃত হয়?

উত্তর: লাক্স মিটার হল এমন একটি ডিভাইস যা গাড়ির লাইটের আলোর উজ্জ্বলতা এবং বিভিন্ন জায়গার আলোর তীব্রতা পরিমাপ করতে ব্যবহৃত হয়।

৪. পার্ক ডিসটেন্স কন্ট্রোল সিস্টেম কি কাজ করে?

উত্তর: পার্ক দূরত্ব নিয়ন্ত্রণ নির্দেশ করে পার্ক করতে সাহায্য করে যখন আপনি কোনো বস্তুর কাছাকাছি থাকেন, সাধারণত একটি পার্ক করা গাড়ির সাথে নতুন গাড়ি পার্ক করার সময় ব্যবহৃত হয়ে থাকে।

এক্টিভিটি শীট ১.১: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা

প্রতিটি টুলস্ এবং ইকুইপমেন্ট এর ছবি দেখে নিচের খালি জায়গায় নাম লিখুন।

এক্টিভিটি শীট ১.২: গাড়ীর বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সনাক্ত করা

গাড়ীর বডির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট এর ছবি দেখে নিচের খালি জায়গায় কম্পোনেন্টের নাম লিখুন

জব শীট ১.৩: ডায়াগনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা

কাজের ধাপ:প্রশিক্ষক প্রতিটি কম্পোনেন্ট সমূহের সঠিক ব্যবহার প্রদর্শন করার পরে নিম্নলিখিত কার্যকলাপটি শুরু করুন। কাজকে ভাল ভাবে সম্পন্ন করার যোগ্যতা অর্জনের জন্য কয়েকবার পুনরাবৃত্তি করতে হবে।

ধাপ-১ সেফটি ডেস সংগ্রহ করুন ও পরিধান করুন।

ধাপ-২ স্পেসিফিকেশন অনুসারে টুলস, ইকুইপমেন্ট এবং উপাদান সংগ্রহ করুন।

ধাপ-৩ গাড়ি একটি নির্দিষ্ট পার্কিং করুন

ধাপ-৪ ডোরলক সিস্টেম পরীক্ষা করুন।

ধাপ-৫ ডিফগ সিস্টেম পরীক্ষা করুন।

ধাপ-৬ পার্ক ডিসটেন্স কন্ট্রোল সিস্টেম পরীক্ষা করুন।

ধাপ-৭ ক্যামেরা ম্যানেজমেন্ট সিস্টেম পরীক্ষা করুন।

ধাপ-৮ ইমোবিলাইজার পরীক্ষা করুন।

ধাপ-৯ এয়ারব্যাগ সিস্টেম পরীক্ষা করুন।

ধাপ-১০ কমফোর্ট অ্যাক্সেস সিস্টেম পরীক্ষা করুন।

ধাপ-১১ বডি একসেস পরীক্ষা করুন।

ধাপ-১২ সকল যন্ত্রপাতি পরিষ্কার করুন

ধাপ-১৩ সকল যন্ত্রপাতি পরিষ্কার করে বক্সে স্টোর করুন।

স্পেসিফিকেশন শীট ১.৩: ডায়গনস্টিক টুল/স্ক্যানারের মাধ্যমে কম্পোনেন্টগুলোর ত্রুটি সনাক্ত করা

কাজের শর্তাদি: কাজটি অবশ্যই নিরাপদ পদ্ধতিতে স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পাদন করবেন।

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৪	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৫	হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	এপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৭	ইয়ার প্লাগ	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রমিক নং	টুলস এবং ইকুইপমেন্টের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	বেসিক হ্যান্ড টুলস সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
২	স্পেশাল সাভিস টুলস	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩	মাল্টিমিটার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৪	অসিলোস্কোপ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	লাস্ক্র মিটার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৬	মাল্টি স্ক্যানার / অবিডি স্ক্যানার	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৭	ওয়্যার রিপিয়ার কিট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৮	নোজ প্লায়ার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রমিক নং	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	ফিউজ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	১
২	রিলে	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	১
৩	ইনসুলেসন টেপ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	১
৪	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড আকারের	কেজি	১
৫	ন্যাপকিন	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	১
৬	টিস্যু পেপার	স্ট্যান্ডার্ড আকারের	বক্স	১

শিখনফল (Learning Outcome)- ২: লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা

অ্যাসেসমেন্ট মানদন্ড	<ol style="list-style-type: none"> ১. বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট প্রয়োজন হিসাবে সার্ভিসিং করা হয়েছে। ২. প্রয়োজন অনুসারে হেডলাইট ফোকাস বিম চেক করা, এলাইন করা এবং এডজাস্ট করা হয়েছে। ৩. লাক্স চেক করা হয়েছে এবং প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা হয়েছে। ৪. সুইচ চেক করা এবং প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করা হয়েছে। ৫. সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করা হয়েছে।
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ/কম্পিউটার ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও এবং ভিডিও ডিভাইস ১০. প্রয়োজনীয় পিপিই ১১. প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট এবং একসেসরিজ ১২. প্রয়োজনীয় উপকরণ
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট ও উহার কাজ ২. লাক্স ৩. লাইটিং সিস্টেম কম্পোনেন্ট ৪. সুইচ ৫. সেন্সর ও সেন্সরের কাজ
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট সার্ভিসিং করুন। ২. হেডলাইট ফোকাস বিম চেক করুন, এলাইন করুন এবং এডজাস্ট করুন। ৩. লাক্স চেক করে প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করুন ৪. সুইচ চেক করে প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করুন। ৫. সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করুন।
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং
এবং প্রতিস্থাপন করা**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শীট পড়তে হবে।	২. ইনফরমেশন শীট ২ : লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেক্স-চেক শীট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। ৪. উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন।	৫. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন। জব শীট ২.১: বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট সার্ভিসিং করা স্পেসিফিকেশন শীট ২.১: বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট সার্ভিসিং করা জব শীট ২.২: হেডলাইট ফোকাস বিম চেক করুন, এলাইন করুন এবং এডজাস্ট করা স্পেসিফিকেশন শীট ২.২: হেডলাইট ফোকাস বিম চেক করুন, এলাইন করুন এবং এডজাস্ট করা জব শীট ২.৩: লাক্স চেক করে প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা স্পেসিফিকেশন শীট ২.৩: লাক্স চেক করে প্রয়োজনীয়তা অনুযায়ী লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা জব শীট ২.৪: সুইচ চেক করে প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করা স্পেসিফিকেশন শীট ২.৪: সুইচ চেক করে প্রয়োজন অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করা জব শীট ২.৫: সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করা স্পেসিফিকেশন শীট ২.৫: সেন্সর চেক করে প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করা

ইনফরমেশন শীট (Information Sheet) ২: লাইটিং সিস্টেম কম্পোনেন্ট সার্ভিসিং এবং প্রতিস্থাপন করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

২.১ বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট ও উহার কাজ

২.২ লাক্স

২.৩ লাইটিং সিস্টেম কম্পোনেন্ট

২.৪ সুইচ সম্পর্কে

২.৫ সেন্সর ও সেন্সরের কাজ সম্পর্কে জানতে পারবে


২.১ বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট ও উহার কাজ

বৈদ্যুতিক শক্তি এবং যোগাযোগ ব্যবস্থার কম্পোনেন্ট	চিত্র
ক. হেডলাইট (Head light): গাড়ির সামনের রাস্তা আলোকিত করার জন্য একটি গাড়ির সামনে একটি প্রতিফলক এবং বিশেষ লেন্স সহ একটি আলো প্রধান করার জন্য যে লাইট ব্যবহার করা হয় তাকেই হেড লাইট বলে। রাস্তা আলোকিত করতে গাড়ির সামনের অংশে গাড়ির হেডল্যাম্প লাগানো থাকে।	
খ. ফগলাইট (Fog light): কুয়াশার মধ্যে লাইটের আলোগুলি খারাপ আবহাওয়া বেদ করে সামনের রাস্তা দেখার ক্ষমতা বৃদ্ধি করে। সামনের কুয়াশার মধ্যে আলোগুলি বৃষ্টি বা এমনকি ধুলোর মধ্য দিয়েও আলো সরবরাহ করতে পাড়ে। কারণ সেগুলি গাড়ির সামনের হেডলাইটের চেয়ে নীচে মাউন্ট করা হয়। ফ্রন্ট ফগ লাইট প্রতিটি হেডলাইটের নীচে বাম্পারে লাগানো হয়।	
